

## মেরিনা ইয়াসমিন চৌধুরী

“মানুষ বাঁচে তার কর্মের মাধ্যে বয়সের মধ্যে নয়” । তার প্রকৃষ্ট উদাহরণ মিসেস মেরিনা ইয়াসমিন চৌধুরী । মিসেস মেরিনা ইয়াসমিন চৌধুরী বিশিষ্ট শিল্পপতি মহতোছিন আলী উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের প্রতিষ্ঠাতা জনাব আজম জে চৌধুরী মহোদয়ের সহধর্মিনী । প্রাইম ব্যাংক লিমিটেডের সাবেক স্পন্সর ডিরেক্টর ও ইস্ট কোস্ট গ্রুপের সাবেক ভাইস চেয়ারপারসন । অত্যন্ত সদালাপী মেরিনা ইয়াসমিন চৌধুরী ২০১৭ ইং সালে প্রথম বার অত্র প্রতিষ্ঠানে যাকাত ফান্ডের ঋণ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত হয়ে তাঁর মূল্যবান বক্তব্য প্রদানের মধ্য দিয়ে সকলের হৃদয় জয় করেছিলেন । তারপর ২০১৮ সালের জুন মাসে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শিক্ষার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন । তাছাড়া পিছিয়ে পড়া অবহেলিত কুলাউড়া রেলওয়ে জুনিয়র স্কুল কর্তৃপক্ষের আহবানে সাড়া দিয়ে সেই প্রতিষ্ঠানের জন্য নিজস্ব অর্থায়নে শ্রেণীকক্ষ নির্মাণ সহ শিক্ষা উপকরণ বিতরণ করেছিলেন । শুধু তাই নয় বিনয়ী মিসেস মেরিনা ইয়াসমিন চৌধুরী অত্র উপজেলার বিভিন্ন মাদ্রাসা ও এতিমখানায় অর্থদিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন । সমাজে শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার জন্য তিনি ছিলেন আন্তরিক এবং সাদা মনের অধিকারী । কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই মহিয়সী নারী ২০ জুন ২০২১ ইং সালে ঢাকার স্কয়ার হাসপাতালে পৃথিবীর মায়া ত্যাগ করে পরজীবনে চলে যান । আমরা তাঁর মৃত্যুতে আন্তরিক দুঃখ প্রকাশ করছি এবং মহান আল্লাহতায়ালার দরবাতে তাঁর রুহের মাগফিরাত কামনা করছি ।